বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন ঃ ২২৩৩৮৩৬৩৭;
ই-মেইল ঃ dgmpd1@krishibank.org.bd
website: www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০২২-২০২৩/১২১১ তারিখ : ১৮.১০.২০২২খ্রি.

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় : মানবিক সাহায্যের আবেদন।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ এর কর্মকর্তা (ক্যাশ) জনাব রতন টপ্য (আর-১৯০৩) ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর মানবিক সাহায্যের আবেদন করেছেন, যা কর্তৃপক্ষ কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।

০২। জনাব রতন টপ্য এর ১০ (দশ) মাস বয়সী কন্যা সন্তান জন্মগতভাবে হার্টে ছিদ্র, রক্তনালী বন্ধ, একটি বাল্ব নেই এবং ফুসফুসে উচ্চ রক্তচাপজনিত রোগে ভুগছে এবং হাসপাতালে চিকিৎসাধীন। ইতোমধ্যে চিকিৎসা বাবদ প্রায় ১২,০০,০০০/-(বার লক্ষ) টাকা ব্যয় হয়েছে। সন্তানের উন্নত চিকিৎসার জন্য ভারতে যেতে ইচ্ছুক। চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল হওয়ায় তার পক্ষে চিকিৎসা ব্যয় চালিয়ে যাওয়া দুরূহ বিধায় ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীগণের নিকট মানবিক কারণে আর্থিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, রতন টপ্য (আর-১৯০৩), কর্মকর্তা (ক্যাশ), মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ এর সন্তানের চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সহায়তার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ এ পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং ৪৩০১-০৩১০১৮৫৬৫২ এ সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকলস্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৮/১০/২০২২

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

---

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪) /২০২২-২০২৩/১২১১(১২৫০) তারিখ : ১৮.১০.২০২২ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(মানবিক সাহায্য সংক্রান্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/অফিস নথি।

১৮/১০/২০২২

(ফেরদৌস আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

২৫

তারিখঃ ২৯-০৮-২০২২ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২১৫৮ তারিখঃ ২৫.০৯.২২
ডিএমডি
জিএম প্রশাসন
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা ।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ ।

বিষয়ঃ শিশু সন্তানের চিকিৎসার জন্য মানবিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়,

বিনীত নিবেদন, আমি নিম্ন স্বাক্ষরকারী বাংলাদেশ কৃষি ব্যাংক, মানিকগঞ্জ শাখা,মানিকগঞ্জ এ কর্মকর্তা(ক্যাশ) হিসেবে ০১ ডিসেম্বর, ২০১৯ ইং হতে কর্মরত আছি । আমার কন্যা সন্তানের বয়স ১০ মাস । আমার শিশু সন্তানের জন্মগতভাবে হার্টে ছিদ্র, রক্তনালী বন্ধ, একটি ভাল্ব নেই এবং ফুসফুসে রক্তচাপ অধিক এর কারণে জন্মের পর থেকে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে । এমতাবস্থায় আমার শিশু কন্যার উন্নত চিকিৎসার জন্য বিশেষজ্ঞ ডাক্তারদের পরামর্শ মতে ভারতের চেন্নাই অ্যাপোলো হাসপাতাল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করি।তারা আমার শিশু কন্যার সমস্ত মেডিকেল রিপোর্ট পর্যালোচনা করে আমাকে আশ্বস্থ করেন যে আমার শিশুকন্যার উন্নত চিকিৎসা সেখানে সম্ভব । ভারতের চেন্নাই অ্যাপোলো হাসপাতালের কর্তৃপক্ষ আমাকে আমার শিশু কন্যার চিকিৎসার ব্যয় বাবদ প্রায় ১৫,০০,০০০/-(পনের লক্ষ টাকা) খরচের বর্ণনা দেন । এদিকে আমি বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা বাবদ প্রায় ১২,০০,০০০/-(বার লক্ষ টাকা) খরচ করেছি । আমার গচ্ছিত অর্থ এবং আত্মীয় স্বজনের নিকট থেকে সাহায্যের মাধ্যমে এর ব্যয়ভার বহন করেছি । বর্তমানে ভারতে উন্নত চিকিৎসার জন্য আরও প্রায় ১৫ লক্ষ টাকার ব্যয় বহন করা আমার পক্ষে অসাধ্য । এমতাস্থায়, মানবিক দিক বিবেচনা করে বাংলাদেশ কৃষি ব্যাংক এর একজন কর্মকর্তা হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের কাছে আমার সন্তানের চিকিৎসার জন্য সাহায্য প্রার্থনা করছি । সাহায্য পাঠানোর ঠিকানাঃ- রতন টপ্য, ব্যাংক হিসাব নং-৪৩০১-০৩১০১৮৫৬৫২, বাংলাদেশ কৃষি ব্যাংক, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ। বিকাশ নং-০১৯৬৫৫৮৭৮৩৯ ।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন উক্ত বিষয়টি বিবেচনাপুর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি ।

আপনার বিশ্বস্ত

২৯/০৮/২২

(রতন টপ্য)
কর্মকর্তা (ক্যাশ)
ভঃতঃ সূচক নং আর- ১৯০৩
বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৭৫ তারিখ ২৮/০৯/২০২২
উমব্য. এইচআরএমডি-১ /ক্রেডিট/বাণিজ্য/প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

এইচ আর এম ডি-১
তারিখ : ২৮/০৯/২২
এজিএম :
এসপিও :
পিও :
ডাইরী নং : ১২৪৫
ডি,জি,এম

সংযুক্তিঃ
০১. সকল প্রকার মেডিকেল সার্টিফিকেট ।
০২. সম্ভাব্য চিকিৎসা খরচের বিরবণী ।
০৩. ব্যাংকের পরিচয়পত্র ।